



জীবনানন্দ দাস

প্রেসিডেন্সি কলেজের উজ্জ্বল প্রাক্তনী  
কবি জীবনানন্দ দাস (১৮৯৯-  
১৯৫৪)-এর ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে  
প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের  
বিনীত শ্রদ্ধার্ঘ্য : **‘জীবনানন্দ অধ্যয়ন’**

জীবনানন্দ-অধ্যয়ন  
(JIBANANANDA STUDIES)  
বিস্তারিত পাঠ্যক্রম

## পর্ব : ১

# জীবনানন্দ দাশ : ব্যক্তি, সৃষ্টি ও সমকাল

- **প্রথম একক** : সমকাল ও জীবনানন্দ (স্বদেশ, স্বকাল, বিশ্বরাজনীতি, সাহিত্যসমাজের প্রেক্ষিতে)
- **দ্বিতীয় একক** : পরিবারবৃত্তে জীবনানন্দ (বাবা,মা, স্ত্রী,সন্তান, ভাই-বোন, বন্ধু, সহকর্মী : সম্পকের নানা মাত্রা)
- **তৃতীয় একক** : রবীন্দ্রনাথ, সমকালীন কবিসমাজ ও জীবনানন্দ : গ্রহণে-বর্জনে (রবীন্দ্রনাথ, মোহিতলাল, নজরুল এবং তিরিশের কবিবন্ধুদের সঙ্গে কবির সম্পর্ক, তাদের প্রভাব, মৈত্রী ও মনান্তর)
- **চতুর্থ একক** : পাঠক জীবনানন্দ (কবির বিপুল পড়াশোনার পরিচিতি : প্রাচ্য-পাশ্চাত্যের গ্রন্থপাঠ - যা তাঁর সাহিত্যকে গভীরভাবে প্রভাবিত করেছে)

## পর্ব : ২

# জীবনানন্দের সাহিত্য : উপভোগ ও বিশ্লেষণ

- **প্রথম একক** : জীবনানন্দের কবিতাপাঠ ও বিচার  
(নিবিড় পাঠ, রসবাদী, তুলনামূলক, প্রতীচ্য সাহিত্যতত্ত্ব ও শৈলীবিচার প্রযুক্ত হতে পারে।)
- **দ্বিতীয় একক** : জীবনানন্দের কাব্যাদর্শ (তাঁর 'কবিতার কথা' প্রবন্ধগ্রন্থ এবং কবিতার নিরিখে)
- **তৃতীয় একক** : জীবনানন্দের ভাষা : প্রতীক ও চিত্রকল্প (নির্বাচিত কবিতা ও কথাসাহিত্যের প্রেক্ষিতে)
- **চতুর্থ একক** : জীবনানন্দের কথাসাহিত্য : নির্বাচিত গল্প ও উপন্যাস  
(১/২টি উপন্যাস ও ২/৩টি গল্পপাঠ; নিবিড় পাঠ, তুলনামূলক, প্রতীচ্য সাহিত্যতত্ত্ব ও শৈলীবিচার প্রযুক্ত হতে পারে।)

# পর্ব : ৩

## জীবনানন্দ-চর্চার নানা মাত্রা

- **প্রথম একক** : কবির পাণ্ডুলিপি, কবির দিনলিপি বা লিটারারি নোটস এবং চিঠিপত্র : পাঠ, পাঠভেদ, তুলনায়ন (প্রকাশিত টেক্সট ও কবির সংরক্ষিত পাণ্ডুলিপির পাঠভেদ নির্ণয়; কবিজীবন ও সৃষ্টির তুলনামূলক বিচার)
- **দ্বিতীয় একক** : জীবনানন্দ-সমালোচনার ইতিহাস : সেকাল ও একাল (বাংলা ও ইংরেজি ভাষায় লেখা সমালোচনা)
- **তৃতীয় একক** : অনুবাদে জীবনানন্দ-চর্চা (তাঁর একাধিক কবিতা ও কথাসাহিত্যের অনুবাদতাত্ত্বিক পাঠ)
- **চতুর্থ একক** : জীবনানন্দের জীবন ও সৃষ্টি কেন্দ্রিক সাহিত্য-শিল্পবিচার (একাধিক জীবনী উপন্যাস; গল্প; জীবনী নাটক; কবিতা ও কথাসাহিত্যের নাট্যরূপ-মঞ্চায়ন; কাব্যনাটক, চলচ্চিত্র ও তথ্যচিত্র, কবিতা এবং চিত্রকলার বিশ্লেষণী পাঠ)

# ভবিষ্যৎ পরিকল্পনা

- জীবনানন্দ-চর্চার একটি কেন্দ্র বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে গড়ে তোলা, কারণ ব্যক্তিগত উদ্যোগ বলেই আশি-নব্বইয়ের দশকে গড়ে ওঠা অধ্যাপক ত্রাপস বসুর 'জীবনানন্দ আকাদেমি' কিংবা অধ্যাপক তরুণ মুখোপাধ্যায়ের 'জীবনানন্দ-চর্চা কেন্দ্র' বেশিদিন স্থায়ী হয়নি
- 'জীবনানন্দ অধ্যয়ন' সার্টিফিকেট কোর্স চালুর মাধ্যমে গবেষণার পরিসর তৈরি করা; আলোচনাসভা ও কর্মশালার আয়োজন করা ইত্যাদি
- জীবনানন্দ দাশের সমগ্র সৃষ্টিকর্মের পাণ্ডুলিপি, চিঠিপত্র, দিনলিপি সংরক্ষণ
- জীবনানন্দ-বিষয়ক বই, পত্রিকা, পেপার-কাটিং সংগ্রহশালা / গ্রন্থাগার
- জীবনানন্দ-কেন্দ্রিক ডকুমেন্টারি, বেতার নাটক, নাটক, চলচ্চিত্রের ভিডিও সংগ্রহ
- জীবনানন্দ দাশের নামাঙ্কিত বাংলার অধ্যাপক / গবেষক পদ সৃষ্টি

স্বাধীনতা

সেবার সর্বাঙ্গ

স্বাঃ মুক্তি চাই। আমরা  
নেপাল চাঃ মাঃ, স্বাঃ  
মাঃ এবং তৎকাল দেশের মাঃ

মাঃ। ২৩/১০/৩৭

স্বাঃ

স্বাঃ জীবনানন্দ দাস

স্বাঃ

স্বাঃ

Barisal

‘জীবনানন্দ-চর্চাও হোক আমাদের জীবনচর্চা’